

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৭৫৪

আগরতলা, ০৪ নভেম্বর, ২০১৮

ঢাক আমাদের পরম্পরাগত সংস্কৃতি : মুখ্যমন্ত্রী

আজ মোহনপুর মহকুমার দুর্গাবাড়ি বাজার সংলগ্ন স্থানে বামুটিয়া গৌড়ীয় যুব সমাজের উদ্যোগে রাজ্যব্যাপী ঢাক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন স্থান থেকে ৪২টি দল অংশগ্রহণ করে। আজ সন্ধ্যায় এই অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব।

প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী শ্রীদেব বলেন, ঢাক আমাদের পরম্পরাগত সংস্কৃতি। চিরাচরিতভাবেই আমাদের পূজা-পার্বণে ঢাক বাজানো হয়। এই ধরনের প্রতিযোগিতা এই সংস্কৃতিকে আরও সমৃদ্ধ করবে। তিনি বলেন, প্রতিযোগিতার মধ্য দিয়ে গড়ে উঠে পারদর্শিতা যা প্রতিটি পেশার ক্ষেত্রেই প্রয়োজন। তিনি বলেন, এই সংস্কৃতিকে বাঁচিয়ে রাখা আমাদের দায়িত্ব। কারণ এটাই তাদের জীবিকা। তিনি বলেন, কৃষি উৎপাদন এবং কাজের সাথে বিনোদনও মানুষের জীবনে খুবই প্রয়োজন।

অনুষ্ঠানে বিধায়ক কৃষ্ণধন দাস, বিধায়ক রামপ্রসাদ পাল বক্তব্য রাখেন। তাছাড়াও টি আই ডি সি'র চেয়ারম্যান টিংকু রায়, সমাজসেবী রাজীব ভট্টাচার্য, রতন ঘোষ, অসিত রায়, কাজল দে, অজিত সূত্রধর প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*